

আল-বাকারাহ | Al-Baqara | الْبَقَرَة

আয়াতঃ ২ : ৫০

আরবি মূল আয়াত:

وَ إِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَأَنْجَيْنُكُمْ وَ أَغْرَقْنَا آلَ فِرْعَوْنَ وَ أَنْتُمْ تَنْظُرُونَ

﴿ ৫০ ﴾

অনুবাদসমূহ:

আর যখন তোমাদের জন্য আমি সমুদ্রকে বিভক্ত করেছিলাম, অতঃপর তোমাদেরকে নাজাত দিয়েছিলাম এবং ফির'আউন দলকে ডুবিয়ে দিয়েছিলাম, আর তোমরা দেখছিলেন। — আল-বায়ান

স্মরণ কর, যখন তোমাদের জন্য সাগরকে বিভক্ত করেছিলাম এবং তোমাদেরকে উদ্ধার করেছিলাম এবং ফেরাউন গোষ্ঠীকে নিমজ্জিত করেছিলাম আর তোমরা তা চেয়ে চেয়ে দেখছিলেন। — তাইসিরুল

এবং যখন আমি তোমাদের জন্য সমুদ্রকে বিভক্ত করেছিলাম, অতঃপর তোমাদেরকে উদ্ধার করেছিলাম ও ফির'আউনের স্বজনদেরকে নিমজ্জিত করেছিলাম এবং তোমরা তা প্রত্যক্ষ করেছিলে। — মুজিবুর রহমান

And [recall] when We parted the sea for you and saved you and drowned the people of Pharaoh while you were looking on. — Sahih International

৫০. আর স্মরণ কর, যখন আমরা তোমাদের জন্য সাগরকে বিভক্ত করেছিলাম(১) এবং তোমাদেরকে উদ্ধার করেছিলাম ও ফিরআউনের বংশকে নিমজ্জিত করেছিলাম। আর তোমরা তা দেখছিলে।

১. এখানে কিভাবে ফিরআউনের হাত থেকে আল্লাহ তা'আলা তাদেরকে উদ্ধার করেছিলেন সেটার বর্ণনা দিচ্ছেন। অন্য আয়াতে এসেছে, “আর অবশ্যই আমি মূসাকে ওহী করে বলেছিলাম যে, আমার বান্দাদের নিয়ে রাতেই চলে যান” [ত্বাহা: ৭৭. আশ-শু'আরা: ৫২] যাওয়ার পথে তার সামনে সমুদ্র বাধা হয়ে দাঁড়াল। আল্লাহ তা'আলা মূসাকে বললেন, “আপনি সমুদ্রকে লাঠি দিয়ে আঘাত করুন, ফলে তা ভাগ হল এবং প্রত্যেক ভাগ বিশাল পর্বতের মত হয়ে গেল। [সূরা আশ-শু'আরা: ৬৩] আর এভাবেই আল্লাহ তা'আলা সমুদ্র ভাগ করে দিলেন।

তাফসীরে জাকারিয়া

৫০। যখন তোমাদের জন্য সাগরকে দ্বিধা বিভক্ত করেছিলাম (১) এবং তোমাদেরকে উদ্ধার করেছিলাম ও ফিরআউনের অনুসারীদেরকে (সমুদ্রে) ডুবিয়ে দিলাম, আর তোমরা তা প্রত্যক্ষ করছিলে।

(১) সমুদ্র বিদীর্ণ করে পথ তৈরী করার ব্যাপারটা একটি মুজিয়া (অলৌকিক ঘটনা) ছিল; যার বিস্তারিত বর্ণনা সূরা

শুআরায় (১০-৬৮ আয়াতে) আসবে। এটা জোয়ার-ভাটার ব্যাপার ছিল না; যেমন স্যার সাইয়েদ আহমাদ খান এবং অন্যান্য মুজিয়া অস্বীকারকারিগণ মনে করেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=57>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন